দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে উঠান বৈঠক

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার বাস্তবায়নে এবং বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে একটি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টার দিকে দর্শনা পৌরসভার কালিদাসপুর গ্রামের আদিবাসী পাড়ায় স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উপকারভোগীদের নিয়ে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে স্যানিটেশন বিষয়ে আদিবাসী নারীদের সচেতনতা বৃদ্ধি, স্বাস্থ্যবিধি মেনে চলা এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়।

উঠান বৈঠকে উপস্থিত ছিলেন মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানেজার মোহাম্মদ মকবুল হোসেন। অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা করেন মোহাম্মদ জিল্লুর রহমান।

দামুড়হুদায় ধানের শীষের উঠান বৈঠকে মিলিমা ইসলাম বিশ্বাস

চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি’র সাবেক সংসদ সদস্য শহিদুল ইসলাম বিশ্বাসের কন্যা কেন্দ্রীয় কৃষক দলের সদস্য, জিয়া পরিষদের মহিলা বিষয়ক সম্পাদিকা ও চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাবেক সদস্য মিলিমা ইসলাম বিশ্বাস চুয়াডাঙ্গা–২ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী জেলা বিএনপি’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু’র নির্বাচনী প্রচারণায় অংশ নিয়ে দলীয় নেতাকর্মী ও সাধারণ ভোটারদের মাঝে নতুন উদ্দীপনা সৃষ্টি করেছেন।

গতকাল শনিবার বিকাল সাড়ে ৩ টার দিকে তিনি দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নের ৫ নং ওয়ার্ড বিএনপির আয়োজনে গোবিন্দহুদা গ্রামের কুলু পাড়ায় মহিলাদের উঠান বৈঠকে উপস্থিত থেকে বক্তব্য রাখেন।

এ সময় তিনি স্থানীয় নেতাকর্মী ও ভোটারদের সঙ্গে সরাসরি মতবিনিময় করেন এবং মাহমুদ হাসান খান বাবুর জন্য ধানের শীষ প্রতীকে ভোট প্রার্থনা করেন।

উঠান বৈঠকে উপস্থিত নারী ভোটার ও নেতাকর্মীদের উদ্দেশ্যে মিলিমা ইসলাম বিশ্বাস বলেন, ধানের শীষের বিজয় নিশ্চিত করতে হলে সবাইকে ঐক্যবদ্ধভাবে জনগণের পাশে দাঁড়াতে হবে। জনগণের আস্থা ও ভালোবাসা অর্জনের মাধ্যমেই এই আসনে বিজয় ছিনিয়ে আনা সম্ভব।

তিনি দলীয় ও সাধারণ নারী ভোটারদের ধানের শীষে ভোট দিয়ে এলাকার উন্নয়নে ভূমিকা রাখার আহ্বান জানান। এ সময় তিনি নির্বাচনী কৌশলগত বিভিন্ন দিকনির্দেশনা দেন এবং সাধারণ ভোটারদের সঙ্গে কুশল বিনিময় করেন। তাঁর উপস্থিতিতে পুরো এলাকায় সৃষ্টি হয় উৎসবমুখর পরিবেশ, মুহুর্মুহু স্লোগানে মুখরিত হয় উঠান বৈঠক প্রাঙ্গন। স্থানীয় নেতৃবৃন্দ ও ভোটারা প্রিয় নেত্রীকে কাছে পেয়ে আবেগে আপ্লূত হয়ে পড়েন। মিলিমা ইসলাম বিশ্বাসের এই আকস্মিক সফর ও দিকনির্দেশনায় উপস্থিত সাধারণ ভোটারদের মধ্যে উদ্দীপনা সৃষ্টি হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, উলামা দল নেতা মাওলানা নাজমুল হাসান বিপ্লবী, ৫ নং ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক বকুল হোসেন, বিএনপি নেতা শফি মহুরি, যুবদল নেতা দেলোয়ার হোসেন, মনির, মানিক স্থানীয় বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দসহ প্রায় ২ শতাধিক নারী ভোটার উপস্থিত ছিলেন।

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১টায় কালিদাসপুর আদীবাসী পাড়ায় পূজা মন্ডপের সামনে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে নিবার্চিত ১৭ জন নারী ও পুরুষ অংশ নেয়। এছাড়া আজ শনিবার থেকে প্রথম ধাপে ১০ এবং দ্বিতীয় ধাপে ৭জনকে আরো বিনামূল্যে সেমি পাকা ল্যাট্রিন নির্মাণ করে দেওয়া হবে বলে নিবার্হী পরিচালক জানান।

স্বাস্থ্য ও স্যানিটেশন বিষয় আলোচনা করেন, সংস্থার সাধারণ সম্পাদক আতিকুজ্জামান পান্না ও মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানেজার মকবুল হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন, জিল্লুর রহমান।

গণভোটে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে উঠান বৈঠক আয়োজনের নির্দেশ দিলেন তথ্য সচিব

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পাশাপাশি গণভোটে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে আগামীকাল থেকেই ওয়ার্ডে ওয়ার্ডে উঠান বৈঠক আয়োজনের নির্দেশ দিয়েছেন তথ্য ও সম্প্রচার সচিব মাহবুবা ফারজানা। তিনি বলেন, তরুণ ভোটার বিশেষ করে প্রথমবারের মতো যারা ভোট দেবেন, তাদের অনুপ্রাণিত করতে ‘ভোটালাপ’ কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। এর আওতায় জেলা তথ্য অফিসগুলোর উদ্যোগে বাড়ি বাড়ি গিয়ে গণভোটে অংশ নিতে উদ্বুদ্ধ করতে হবে।

তথ্য সচিব গতকাল বৃহস্পতিবার ঝুম প্ল্যাটফর্মে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট উপলক্ষে জেলা তথ্য অফিসসমূহের প্রচার কাজের অগ্রগতি পর্যালোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ নির্দেশনা দেন।

গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মো. আবদুল জলিলের সভাপতিত্বে সভায় মাঠ পর্যায়ের ৬৮ তথ্য অফিসের প্রধানগণ অংশ নেন।

তথ্য সচিব বলেন, এবারের গণভোটকে ইউনিক করতে সকল ভোটারের অংশগ্রহণ প্রয়োজন। ভোটারদের উজ্জীবিত করার গুরুদায়িত্ব তথ্য অফিসসমূহকে পালন করতে হবে। জনগণকে ভোটদানের উপকারিতা জানাতে হবে। ন্যায় ও আইনের শাসন নিশ্চিত করতে হলে সবাইকে গণভোটে অংশ নিতে হবে।

গণভোটের প্রচারে আঞ্চলিক ভাষা ও সংস্কৃতিনির্ভর কনটেন্ট এবং বক্তব্য তুলে ধরতে হবে। এর মাধ্যমে জনগণ গণভোটের গুরুত্ব অনুধাবন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সভাপতির বক্তব্যে গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মো. আবদুল জলিল বলেন, নির্বাচনী আচরণবিধি, গণভোট সম্পর্কে প্রাক্টিক্যাল ডেমোনস্ট্রেশন, তরুণ ভোটারদের উৎসাহ ও নারী ভোটারদের অংশগ্রহণ বাড়াতে গণযোগাযোগ অধিদপ্তরের মাঠপর্যায়ের কর্মীরা নিরলস কাজ করছে। ইতোমধ্যেই গণভোট সংক্রান্ত ১০টি সংগীত রচনা করা হয়েছে। এগুলোর সুর তুলে রেকর্ডিংয়ের কাজ চলছে। শিগগিরই এসব সংগীত মাঠ পর্যায়ে পরিবেশন করে গণভোটে জনসম্পৃক্ততা বাড়ানো হবে। পাশাপাশি নির্বাচন কমিশন, প্রধান উপদেষ্টার কার্যালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত কনটেন্ট মাঠ পর্যায়ে ব্যাপক হারে প্রচার করা হচ্ছে।

তথ্য সচিব তাঁর বক্তব্যে গণভোট ও নির্বাচনি আচরণবিধি সম্পর্কে ভোটার সচেতনতা বাড়াতে ‘টেন মিনিট ব্রিফ’ কর্মসূচি গ্রহণের তাগিদ দেন। এ কর্মসূচির আওতায় তিনি গ্রামের ছোট ছোট বাজারে দাঁড়িয়ে ১০ মিনিট নির্বাচন সংক্রান্ত করণীয় এবং বর্জনীয় বিষয়ে জেলা তথ্য অফিসের কর্মকর্তাদের বক্তৃতা এবং প্রচারপত্র বিতরণের নির্দেশনা দেন।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (কারিগরি) মীর মোহাম্মদ আসলাম উদ্দিন, বরিশাল জেলা তথ্য অফিসের পরিচালক ওমর ফারুক দেওয়ান, রংপুর জেলা তথ্য অফিসের পরিচালক ড. মোফাখখারুল ইকবাল, গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) সৈয়দ এ মু’মেন ও পরিচালক (প্রচার ও সমন্বয়) ডালিয়া ইয়াসমিন সংযুক্ত থেকে বক্তব্য রাখেন।

মেহেরপুরের ৪ নং ওয়ার্ডের হঠাৎ পাড়ায় বিএনপি’র উঠান বৈঠক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র উদ্যোগে মেহেরপুরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১২ ডিসেম্বর) বিকেলে ৪ নং ওয়ার্ডের হঠাৎপাড়ায় এ উঠান বৈঠকের আয়োজন করা হয়।

জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের মনোনীত পার্থী মাসুদ অরুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় আরও উপস্থিত ছিলেন, জেলা মহিলা দল এবং ৪নং ওয়ার্ডের বিএনপি কর্মীরা।

মেহেরপুরের ১ নম্বর ওয়ার্ডে মহিলা দলের উঠান বৈঠক

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দল জেলা শাখার উদ্যোগে ১ নম্বর ওয়ার্ডের নতুনপাড়া ও ঘোষপাড়ায় উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুন নেসা নয়নের সভাপতিত্বে প্রধান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, আপনারা যারা ১০ কেজি চাল, মাতৃভাতা, বিধবা ভাতা, বয়স্ক ভাতা বা এক টুকরো জমির জন্য কষ্ট করেছেন আমরা সেই কষ্ট দূর করবো। আগামী দিনে কোনো গরিব মানুষ তার প্রাপ্য অধিকার থেকে বঞ্চিত হবে না। গরিব মানুষকে পৌরসভায় যেতে হবে না; পৌরসভাই গরিব মানুষের কাছে যাবে।

তিনি আরও বলেন, দশ কেজি চালের জন্য কাউকে আর ব্যাগ হাতে লাইনে দাঁড়াতে হবে না। আমাদের সরকার নিজেই মানুষের দোরগোড়ায় সহায়তা পৌঁছে দেবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি এম. এ. বারি ফারুক, জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, নেত্রী ফিরোজা আক্তার পপি, বিউটি, রঞ্জনা, মল্লি, কল্পনা, শেফালী, তানিয়া, লিনা, মারিয়া প্রমুখ।

উঠান বৈঠকে নেত্রীরা বিএনপির কর্মসূচি ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন এবং তৃণমূল নারীদের সঙ্গে মতবিনিময় করেন।

জনগণের অধিকার ও গণতন্ত্র পুনরুদ্ধারে ধানের শীষে ভোট দিন

মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের শালদহ গ্রামে বিএনপি কর্তৃক মহিলাদের নিয়ে এক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে আয়োজিত এ বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য ও আগামী জাতীয় নির্বাচনে ধানের শীষ প্রতীক থেকে বিএনপির সম্ভাব্য প্রার্থী আমজাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, গাংনী উপজেলা বিএনপির সাবেক সহসভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, গাংনী উপজেলা যুবদলের সাবেক সভাপতি সাজেদুর রহমান বুলবুল, বিএনপি নেতা অ্যাডভোকেট আতাউল হক আন্টু, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি শহিদুল

ইসলাম, সাবেক ছাত্র নেতা ও তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, গাংনী পৌর জাসদের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, রায়পুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সারগীদুল আলম, গাংনী পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবলু, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন, যুবদলের সদস্য ফারুক হোসেন, যুবদল নেতা মাহফুজ আলম রহিদুল।

বক্তারা বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট, জনগণের অধিকার ও গণতন্ত্র পুনরুদ্ধারে দলের অবস্থান তুলে ধরেন।

উঠান বৈঠক শেষে আমজাদ হোসেন এলাঙ্গী, রায়পুরসহ বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন। এ সময় তিনি বিএনপির ঘোষণা করা ৩১ দফা কর্মসূচির লিফলেট বিতরণ করেন এবং আসন্ন নির্বাচনে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান।

স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষের উপস্থিতিতে পুরো এলাকায় নির্বাচনী আমেজ আরও জোরদার হয়ে ওঠে।

লিফলেট বিতরণকালে রাস্তার দু’ধারে শতশত নারী ভোটার ধানের শীষের এমপি প্রার্থী আমজাদ হোসেনকে হাত তুলে অভিবাদন জানান।

মেহেরপুরের ৪নং ওয়ার্ডে মহিলা দলের উঠান বৈঠক

মেহেরপুরের ৪নং ওয়ার্ডে জাতীয়তাবাদী মহিলা দলের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে ৪নং ওয়ার্ডের শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ উঠান বৈঠকের আয়োজন করা হয়।

জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর জেলা শাখার সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

অর্থ বিষয়ক সম্পাদক রুপালি খাতুনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর সরকারি

কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুন বলেন, ১৭ বছর আপনাদের প্রিয় নেত্রী বেগম খালেদা জিয়া তার প্রিয় মার্কা ধানের শীষে ভোট দেওয়ার সুযোগ পাননি। বারবার আমরা চেষ্টা করেছি যেন দিনের আলোতে ভোট হয় যেখানে ভোটকেন্দ্রে কোনো মাস্তান থাকবে না, আমি নিরাপদে গিয়ে আমার পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারব এবং আমার অধিকার আদায় করতে পারব। কিন্তু সেই সুযোগ কি আমরা ১৭ বছরে পেয়েছি? কখনোই পাইনি। পাইনি বলেই ১৭ বছর আমরা লড়াই করেছি, সংগ্রাম করেছি তারেক রহমানের নির্দেশে, বিএনপির নেতৃত্বে।

এই বিএনপি এখানকার সবচেয়ে প্রিয় সংগঠন আমরা জানি, কারণ ২০০১ সালে আপনারা আমাকে ভোট দিয়ে এমপি নির্বাচিত করেছিলেন। এখানকার অনেক মা-বোন আছেন যারা আমার বাবাকেও ভোট দিয়ে এমপি বানিয়েছিলেন। আমরা ১৭ বছর সেই সুযোগ পাইনি আমরা রাজপথে ছিলাম, বেগম খালেদা জিয়ার নেতৃত্বে সংগ্রামে ছিলাম, তারেক রহমানের নেতৃত্বে রাজপথে সংগ্রামে ছিলাম।

তিনি আরও বলেন, শেখ হাসিনা ক্ষমতায় এসে আপনাদের প্রিয় নেত্রী বেগম খালেদা জিয়াকে ঘর থেকে বের করে দিলেন, সেই বাড়ি ভেঙে দিলেন এবং মিথ্যা মামলায় বছরের পর বছর তাকে কারাগারে আটকে রাখলেন, এমনকি চিকিৎসার সুযোগও দেননি। আপনার ছোট ছেলে নির্বাচনের সময় প্রাণ হারিয়েছেন, আর বড় ছেলে আমাদের নেতা তারেক রহমান ১৭ বছর ধরে বিদেশে বসে দল পরিচালনা করছেন। এবার জনগণের অধিকার ফিরিয়ে আনার সময় এসেছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা, গর্ভকালীন ভাতা, প্রতিবন্ধী ভাতা, গরিব মানুষের চাল, পরিবার কার্ড সবকিছু সবার জন্য নিশ্চিত করা হবে।

বিশেষ অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন হবে। দীর্ঘ ১৬ বছর আপনারা নিজেদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারেননি। জাতীয় সংসদ, পৌরসভা, ইউনিয়ন সব জায়গায় তৎকালীন আওয়ামী লীগ সরকার জোর-জুলুম করে তাদের নেতাদের বসিয়েছে। আমরা ১৬ বছর শেখ হাসিনার দুঃশাসনের বিরুদ্ধে, আওয়ামী লীগের নিপীড়ন-নির্যাতনের বিরুদ্ধে মেহেরপুরে মাসুদ অরুনের নেতৃত্বে লড়াই করেছি।

আমরা অনেকেই জেল খেটেছি, অনেক মা-বোন কারাদণ্ড ভোগ করেছেন কারো দুই বছর, কারো এক বছর, ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে। শত

জুলুম-নির্যাতন উপেক্ষা করে আমরা রাজপথে লড়াই করেছি, এবং গত বছর জুলাই-আগস্ট মাসে এক রক্তাক্ত আন্দোলনের মধ্য দিয়ে আমরা বিজয় অর্জন করেছি।

বলা হয়, বাংলাদেশের মালিক জনগণ। কিন্তু এই জনগণ যারা দিন আনে দিন খায় তারা বছরের পর বছর ভোটাধিকার ও মৌলিক অধিকার থেকে বঞ্চিত। রাষ্ট্রের সেবা থেকেও বঞ্চিত হয়েছে। অথচ দেশের মালিক হয়ে গেছে কিছু কালো টাকার মালিক, কিছু সন্ত্রাসী, এবং আগেকার দিনের তথাকথিত এমপিরা।

এছাড়াও এসময় জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, মহিলা দল নেত্রী ফিরোজা আক্তার পপি, বিউটি, রঞ্জনা, মল্লি, কল্পনা, শেফালী, তানিয়া, লিনা, মারিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সাংগঠনিক সফরে আসছেন এনসিপি’র কেন্দ্রীয় নেতৃবৃন্দ

আজ রবিবার সাংগঠনিক সফরে মেহেরপুর আসছেন ন্যাশনালিস্ট কনভেনশন পার্টি (এনসিপি)’র কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক জনাব সরোয়ার তুষার ও কেন্দ্রীয় মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) জনাব মোল্যা রহামাতুল্লাহ। সফরকালে তাদের সঙ্গে থাকবেন কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক ও জেলা প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট সাকিল আহমেদ এবং কেন্দ্রীয় সদস্য ও মেহেরপুরের অঞ্চল তত্ত্বাবধায়ক জনাব সোহেল রানা।

সফরসূচি অনুযায়ী, আজ রবিবার সকাল ১১টায় মেহেরপুর জেলা পরিষদ অডিটোরিয়ামে জেলা ও উপজেলা সমন্বয় কমিটির সদস্যদের নিয়ে সাংগঠনিক সভা ও রাজনৈতিক কর্মশালা অনুষ্ঠিত হবে। এ কর্মশালায় স্থানীয় নেতৃত্বকে সাংগঠনিক কর্মকৌশল ও রাজনৈতিক কার্যক্রমে অংশগ্রহণের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হবে। পরে বিকেল ৪টায় ঐতিহাসিক মুজিবনগর পর্যটন হোটেলে উঠান বৈঠক অনুষ্ঠিত হবে।

দলীয় সূত্র জানা গেছে, এ সফরের মূল লক্ষ্য হচ্ছে জেলা ও উপজেলা

পর্যায়ের সাংগঠনিক কাঠামোকে শক্তিশালী করা, কর্মীদের মধ্যে পারস্পরিক সমন্বয় বৃদ্ধি করা এবং আসন্ন রাজনৈতিক কর্মসূচি সফল করার জন্য মাঠ পর্যায়ের নেতাকর্মীদের উদ্বুদ্ধ করা। এছাড়া স্থানীয় সমস্যাবলী ও দলীয় কার্যক্রমে উদ্ভূত সংকট নিরসনেও আলোচনা হবে বলে জানা গেছে।

নেতারা মনে করছেন, এই সফরের মাধ্যমে এনসিপি মেহেরপুরে নতুন উদ্দীপনা সৃষ্টি করবে এবং জেলার তৃণমূল পর্যায়ে দলকে আরও সুসংগঠিত করার সুযোগ তৈরি হবে। জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা কেন্দ্রীয় নেতৃত্বের এ সফরকে ঘিরে ইতোমধ্যেই ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছেন।

মুজিবনগরে পল্লী সঞ্চয় ব্যাংকের উঠান বৈঠক অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের উদ্যোগে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২২ অক্টোবর) দুপুরে উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামে পল্লী সঞ্চয় ব্যাংকের একটি বাড়ি একটি খামার সমিতির উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

উঠান বৈঠকে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহেনাজ।

উঠান বৈঠকে উপস্থিত মহিলাদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, আপনাদের সন্তানদের দেখে শুনে রাখবেন বর্তমান সমাজে অনলাইন জুয়া, মাদক এবং বাল্যবিবাহে বিস্তার ঘটছে এগুলো থেকে আপনি দূরে থাকবেন আপনার সন্তানকেও থেকে দূরে রাখবেন। ১৮ বছর বয়স হওয়ার আগে আপনাদের সন্তানদের মোটর বাইক কিনে দিবেন না কারণ মোটরবাইকে দুর্ঘটনা ঘটলে আপনার সন্তানদের অনেক বড় ক্ষতি হয়ে যেতে পারে এমনকি আপনি আপনার সন্তানকেও হারাতে পারেন তাই তাদেরকে বোঝাবেন এবং তাদের প্রতি খেয়াল রাখবেন তারা যেন মাদকাসক্ত না হয়ে পড়ে এবং অনলাইন জুয়ায় যেন জড়িয়ে না পড়ে।

সময় উঠান বৈঠকে উপস্থিত ছিলেন, পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক আলমগীর কবির, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, পল্লি সঞ্চয় ব্যাংকের জুনিয়র অফিসার মুছারুউদ্দিন সহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং একটি বাড়ি একটি খামারের সদস্যাবৃন্দ।